

PA to DC
20/05/2018


বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী

আম, কাঁঠাল, জাম, কামরাঙ্গা, কাঁচা তাল ও বাতাবি লেবু বিক্রির দরপত্র বিজ্ঞপ্তি

রাজশাহী রেশম কারখানার সীমানা প্রাচীরের মধ্যে ও ডি আই পি রেষ্ট হাউজ চত্বরে বিভিন্ন জাতের ১২১টি আমগাছ (ছোট ও বড়), ৩টি কাঁঠাল গাছ, ২টি জাম গাছ, ১০টি বাতাবী লেবু গাছ, ১০টি কামরাঙ্গা গাছ ও ২টি তাল গাছের ফল-ফলাদি বিক্রির জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্ব স্ব প্যাডে/সাদা কাগজে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ২৯/০৫/২০১৮ খ্রি: তারিখ মঙ্গলবার দুপুর ১২.০০ টা পর্যন্ত বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী ও আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহীতে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই দুপুর ২.৩০ টায় বোর্ড প্রধান কার্যালয়ে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

শর্তসমূহ:

- (ক) দরপত্রে দরদাতার নাম ও ঠিকানা সহ উদ্ধৃত মূল্য (প্রস্তাবিত দর) স্পষ্ট ভাবে অংকে এবং কথায় উল্লেখ করতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে। দরপত্রে কোনরূপ ঘসামাজা থাকলে তা গ্রহণযোগ্য হবে না।
- (খ) দরপত্রের সাথে উদ্ধৃত মোট মূল্যের ২৫% বায়নার অর্থ হিসেবে “চেয়ারম্যান, বাংলাদেশ রেশম বোর্ড, রাজশাহী” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- (গ) রাজশাহী রেশম কারখানা কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে আলোচ্য আম, জাম, কামরাঙ্গা, কাঁঠাল, তাল ও বাতাবি লেবু ফল দেখা যেতে পারে। তবে কারখানার নিরাপত্তা প্রহরীর উপস্থিতিতে দুই জনের অধিক ব্যক্তিকে কারখানার অভ্যন্তরে প্রবেশ করতে দেওয়া হবে না।
- (ঘ) কৃতকার্য দরদাতাকে বিক্রি আদেশ প্রদানের ৭(সাত) দিনের মধ্যে উদ্ধৃত মোট মূল্যের সমুদয় অর্থ এবং সরকারি বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ৫% উৎসে কর (বায়নার অর্থ সমন্বয় সহ) নগদে (রশিদের মাধ্যমে) অথবা “চেয়ারম্যান, বাংলাদেশ রেশম বোর্ড, রাজশাহী” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে বোর্ড প্রধান কার্যালয়ে জমা প্রদান করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে সমুদয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে বায়নার অর্থ বাজেয়াপ্ত সহ কার্যাদেশ বাতিল করা হবে।
- (ঙ) কার্যাদেশ প্রাপ্ত ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনুমতি সাপেক্ষে নিজ দায়িত্বে ও ব্যয়ে আম, কাঁঠাল, তাল, জাম, কামরাঙ্গা ও বাতাবি লেবু পাহারার জন্য ১(এক) জন মাত্র পাহারাদার নিযুক্ত করতে পারেন। এ পাহারার বিষয়ে কর্তৃপক্ষ কোন দায় দায়িত্ব বহন করবে না। শুধুমাত্র আম, কাঁঠাল, তাল, জাম, কামরাঙ্গা ও বাতাবি লেবু ফল আহরণের সময় একাধিক ব্যক্তিকে কারখানা চত্বরে প্রবেশের অনুমতি দেয়া হবে। অন্য সময় ১(এক) জনের অধিক ব্যক্তিকে প্রবেশের অনুমতি দেয়া হবে না।
- চ) ফল আহরণের সময় গাছের কোন ক্ষতি করা যাবে না। তাল শীস অবস্থাতেই (কাঁচা তাল) পেড়ে নিতে হবে। তাল বড় করা বা পাকানো যাবে না। আম, কাঁঠাল, জাম, কামরাঙ্গা ও বাতাবি লেবু পাকা অবস্থায় পেড়ে নিতে হবে।
- ছ) গাছে কোন প্রকার কীটনাশক ঔষধ ব্যবহার করা যাবে না।
- (জ) আম, কাঁঠাল, তাল, জাম, কামরাঙ্গা ও বাতাবি লেবু গাছের প্রতিটি আইটেম ফলের জন্য দর উদ্ধৃত করতে হবে। প্রতিটি আইটেমের মোট দর লট হিসেবে সর্বোচ্চ দরদাতার দর বিবেচিত হবে। কোন আইটেমের ফলের দর বাদ রেখে দর উদ্ধৃত করলে দরপত্র বাতিল করা হবে।
- (ঝ) দরপত্রের প্রাপ্ত দর গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(মোঃ আবুল কালাম আজাদ)
ব্যবস্থাপক
ও
সদস্য সচিব
সংশ্লিষ্ট টেন্ডার কমিটি
রাজশাহী রেশম কারখানা
রাজশাহী।

বিতরণ:

- ১। সচিব, জেলা পরিষদ, রাজশাহী।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
- ৩। পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী।
- ৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী।
- ৫। উপ-পরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী।
- ৬। কেয়ার টেকার কাম সিকিউরিটি ইনচার্জ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৭। কেয়ার টেকার কাম সিকিউরিটি ইনচার্জ, রাজশাহী রেশম কারখানা, রাজশাহী।
- ৮। ফল ব্যবসায়ী বাজার, রাজশাহী।


স্মারক নং-২৪.০৬.০০০০.০১৭.০৭.০০১.১৮-৬৩

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। সদস্য(অর্থ ও পরিকল্পনা)/(উৎপাদন ও বাজারজাতকরণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২। সচিব, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪। জনাব মোঃ সিরাজুর রহমান, গবেষণা কর্মকর্তা (পরিঃ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রচাররের জন্য অনুরোধ করা হলো।
- ৫। পি.এ.টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সদয় অবগতি ও বহল প্রচারের নিমিত্ত নোটিশ বোর্ডে
প্রদানের জন্য অনুরোধ করা হলো।

তারিখ : ১৪/০৫/২০১৮



(মোঃ আবুল কালাম আজাদ)
ব্যবস্থাপক
ও
সদস্য সচিব
সংশ্লিষ্ট টেন্ডার কমিটি
রাজশাহী রেশম কারখানা
রাজশাহী।